# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
# Narayanganj City Corporation

অসিত বরণ বিশ্বাস
কাউন্সিলর, ১৫নং ওয়ার্ড
০১৮১৮-৪৫৮৭৮৯

**সভাপতি**
বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি

**সদস্য**
- স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত স্থায়ী কমিটি
- দারিদ্র বিমোচন সংক্রান্ত স্থায়ী কমিটি


সূত্র নং-

তারিখ: ১৫/০২/২৪

## সভার নোটিশ

**বিষয়ঃ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভা প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০/০২/২০২৪ খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় সম্মানিত ১৫ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে (WLCC)'র সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়ঃ-** ১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।

৩। মা ও শিশু সহায়তা কর্মসূচী।

৪। কর আদায়ের অগ্রগতি কার্যক্রম পর্যালোচনা।

৫। অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

শুভেচ্ছান্তে,

অসিত বরণ বিশ্বাস
কাউন্সিলর, ১৫ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

# ১৫ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়

পদ্ম সিটি প্লাজা-৪(৩য় তলা),৫৫/সি, এস.এম. মালেহ রোড, নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

## ১৫ নং (WLCC)'র ত্রৈমাসিক সভার কার্য বিবরনী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব অসিত বরণ বিশ্বাস।<br>কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৫<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : ২০/০২/২০২৪ খ্রি. |
| সভার সময় | : ঘটিকায়। |
| সভার স্থান | : ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়। |

**সভার উপস্থিতি তালিকা সংযোজনী "ক"তে সংযুক্ত ঃ**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ১৫ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব অসিত বরণ বিশ্বাস, কমিটির সদস্য সচিব জনাব আবুল কালাম কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী- ১** : গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন । | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব আবুল কালাম পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সবসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১৫ নং (WLCC)'র কমিটি। |

আলোচ্যসূচী-২ : অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে আলোচনা। | ১৫ নং ওয়ার্ডে WLCC'র সদস্য সচিব জনাব আবুল কালাম অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা বা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগন যে সকল দাবী পেশ করেন তা নিম্নরুপ,<br><br>১। ১ নং গেট থেকে হংস ব্রিজ পর্যন্ত রাস্তা মেরামত।<br>২। ১ নং রেল গেট থেকে ২ নং রেল গেট পর্যন্ত সোহরাওয়ার্দী রোড মেরামত। | ১৫ নং ওর্য়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ জানিয়ে মেয়র,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৩: মা ও শিশু সহায়তা কর্মসূচী।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মা ও শিশু সহায়তা কর্মসূচী। প্রসঙ্গে আলোচনা। | মা ও শিশু সহায়তা প্রসঙ্গে নারায়ণগঞ্জ সিটি কপোরেশনের কমিউনিটি কর্মী নাজিরুল ইসলাম বলেন, আপনারা ইতোমধ্যে অবগত আছেন যে, নিম্ন আয়ের মানুষের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একটি মাতৃত্বকালীন ভাতার ব্যবস্থা করেছে। ভাতার জন্য আবেদনকারীর ব্যাংক হিসাব, NID,ANC কার্ড সহ অনলাইনে আবেদন করতে হবে। উক্ত আবেদনে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর সুপারিশ প্রদান করবেন। অতঃপর আবেদন খানা সিটি কর্পোরেশনের সমাজ কল্যাণ বিভাগে জমা দেওয়া যাবে। ১৫ নং ওয়ার্ডে প্রতি মাসে সর্বোচ্চ ৫ টি আবেদন জমা দেওয়া যাবে। | প্রতি মাসে ১৫ নং ওয়ার্ডের প্রয়োজনীয় কাগজপত্র সহ আবেদন জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৫ নং (WLCC)'র কমিটি। |

**আলোচ্যসূচী-৪:** কর আদায়ের অগ্রগতি কার্যক্রম পর্যালোচনা।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায়ের অগ্রগতি কার্যক্রম প্রসঙ্গে আলোচনা। | ১৫ নং ওয়ার্ডের সদস্য সচিব জনাব আবুল কালাম বলেন, আমরা কর আদায়ের লক্ষে আমাদের প্রত্যেক মহল্লায় মহল্লায়, বাড়ি বাড়ি যেয়ে তদারকি চালাচ্ছি। আশা করি আমাদের এ অগ্রগতি চলমান থাকবে। | ১৫ নং ওয়ার্ডের এ কার্যক্রমের জন্য উপস্থিত সকল সদস্যকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কতৃক ধন্যবাদ জানানো হয়। | রাজস্ব বিভাগ, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৫:** অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন প্রসঙ্গে আলোচনা। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ১৫ নং WLCC এর সদস্য সচিব জনাব আবুল কালাম জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চত করন,সেবার মানোন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি,আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনাব, মোহাম্মাদ মঈনুল ইসলাম নগর পরিকল্পনাবিদ কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে সেবার | ১৫ নং (WLCC)'র কমিটি। |

| | | | |
|---|---|---|---|
| | ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ দাখিলের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন। জনাব আবুল কালাম উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানোন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের অনুরোধ জানান। | মানোন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

(জনাব অসিত বরণ বিশ্বাস)
চেয়ারপার্সন, ১৫নং WLCC
ও
কাউন্সিলর, ১৫ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল ঃ ০১৮১৮৪৫৮৭৮৯

# সংযোজনী-ক

## ১৫ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা তালিকা।

তারিখঃ ২০/০২/২৪

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব অসিত বরণ বিশ্বাস | সভাপতি | |
| ০২ | জনাব শারমিন হাবিব বিন্নি | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব মোঃ দেলোয়ার হোসেন | সদস্য | |
| ০৪ | জনাব শহিদুল ইসলাম | সদস্য | |
| ০৫ | জনাব শংকর সাহা | সদস্য | |
| ০৬ | জনাব তারিক বিন ইউসুফ (বাবু) | সদস্য | |
| ০৭ | জনাব মোহাম্মদ হোসেন জুলু | সদস্য | |
| ০৮ | জনাব মিজানুর রহমান টুলু | সদস্য | |
| ০৯ | জনাব অজয় কুমার বিশ্বাস | সদস্য | |
| ১০ | জনাব সোহেল আক্তার | সদস্য | |

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব সুব্রত কুমার সাহা | সদস্য | Subrata |
| ১২ | জনাব ইকবাল বাবু | সদস্য | |
| ১৩ | জনাব বিকাশ চন্দ্র দেবনাথ | সদস্য | |
| ১৪ | জনাব শাহানাজ বেগম | সদস্য | শাহানাজ |
| ১৫ | জনাব রুমা মোদক | সদস্য | |
| ১৬ | জনাব হামিদুর রহমান বাঙ্গালী | সদস্য | [illegible] |
| ১৭ | জনাব প্রণব কৃষ্ণ রায় | সদস্য | [illegible] |
| ১৮ | জনাব আবুল কালাম | সদস্য সচিব | [illegible] |